

“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-১২৫

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আগামী ১৭ই মার্চ ২০২০ থেকে ১৭ই মার্চ ২০২১ সময়কে মুজিববর্ষ ঘোষণা করা হয়েছে। মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে দেশে-বিদেশে বছরব্যাপী বিভিন্ন কর্মসূচী যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। মুজিববর্ষ পালন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক একটি লোগো তৈরি করা হয়েছে। সরকারি, বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত মুজিববর্ষ সম্পর্কিত ডিজাইন ও স্মারকের মানের সমতা নিশ্চিত করার লক্ষ্যে একটি লোগো ব্যবহার নির্দেশিকা (LOGO MANUAL) প্রণয়ন করা হয়েছে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহের সকল অফিস আদেশ, পত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ও বিজ্ঞপ্তিতে মুজিববর্ষের লোগো’র যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: মুজিববর্ষ লোগো ব্যবহার নির্দেশিকা।

স্বাক্ষরিত: ১২/০২/২০২০ খ্রিঃ।

(মোঃ ইমরুল হাসেন)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-১২৫

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৩। সদস্য, প্রশাসন/অর্থ/পিএন্ডি/কোম্পানি এ্যাফেয়ার্স/উৎপাদন/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৪। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৬। সিএসওটু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৭। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্ববিদ্যাক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৮। সিনিয়র সিটেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ ও বারিউবো’র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/অর্থ/পিএন্ডি/কোম্পানি এ্যাফেয়ার্স/আইন/বোর্ড, বিউবো, ঢাকা।
- ১০। সকল নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১১। সকল আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১২। অফিস কপি।

(মোঃ রানা ইকবাল)
উপ-সচিব (সংস্থাপন)
ফোন: ০২-৯৫০৫২০
dsestablishmentbpdb@gmail.com



**মুজিব
শিক্ষাপুঁজি ১০০**

মুজিববর্ষ লোগো ব্যবহার নির্দেশিকা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় দেশে ও বিদেশে উদ্বাপনের লক্ষ্যে সম্প্রতি মুজিববর্ষ লোগো নির্বাচন করা হয়েছে। উক্ত লোগো যথোপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো:

১. জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্বাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিশ্লেষণ এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।
২. সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধানবন্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সকল ইমেইল, সরকারি পত্র, শ্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে মুজিববর্ষের লোগোটি ব্যবহার করা যাবে।
৩. সরকারি মালিকানাধীন সকল বাস, ট্রেন, দাঙ্গিরিক গাড়ি, নৌযান, অভ্যন্তরীণ এবং আভ্যন্তরীণ রংটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারড্রাফট এবং হুড়ে উপযুক্ত স্থানে; বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুনে এবং সাজসজ্জায় মুজিববর্ষ লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত ও আনুপ্রাপ্তিক হারে নামনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।
৪. জাতীয় দিবসসহ বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানিক নাম এবং আনুসরণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।
৫. জাতীয় পার্টিপ্রতিক এবং সকল সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।
৬. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেক্টর, নেটওর্কিং, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি সকল প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।
৭. কোনো বাঙ্গিক বা বেসরকারি বাঙালি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেক্টর, নেটওর্কিং, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি সকল প্রচার প্রতিষ্ঠানে এই লোগো ব্যবহার করা যাবে।
৮. সিগারেট, ধ্যালকোহল, আঘাতী এবং অনুরূপ প্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।
৯. বিভিন্ন কীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠানের আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।
১০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী জাতীয় পর্যায়ে সুর্তুভাবে উদ্বাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ব্যবহার করা যাবে।

জয় বাংলা
জয় বঙ্গবন্ধু

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
প্রধান সম্পর্ক
জাতীয় বাস্তবায়ন কমিটি